




ISO 9001:2015 Certified



দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।



মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮

ই-মেইল-dpbstwo@gmail.com

ওয়েব সাইট- www.pbs2.dinajpur.gov.bd

স্মারক নং-২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০০৩.২২. ২২৫৩

তারিখঃ ০৭ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
২১ মে' ২০২২ খ্রিস্টাব্দ

“আইন উপদেষ্টা (চুক্তি ভিত্তিক) নিয়োগ বিজ্ঞপ্তি”

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর মামলা মোকদ্দমা সমূহ পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিতে ০১ (এক) জন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। জেলা জজ কোর্টে (দেওয়ানী ও ফৌজদারী মামলায়) আইনজীবী হিসাবে কমপক্ষে ০৮ (আট) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। অবসর প্রাপ্ত জুডিশিয়াল কর্মকর্তাগণ যারা দিনাজপুর জেলায় (ফুলবাড়ী, বিরামপুর, পার্বতীপুর, নবাবগঞ্জ, ঘোড়াঘাট ও হাকিমপুর উপজেলায়) আইন পেশায় নিয়োজিত আছেন তারাও আবেদন করতে পারবেন।
- ০৩। এ নিয়োগ (চুক্তিভিত্তিক) ০৩ (তিন) বৎসরের জন্য কার্যকরী থাকবে।
- ০৪। মাসিক রিটেইনার ফি ও অন্যান্য ফি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক নির্ধারিত রেটে (যা অফিসে যোগাযোগ করে জানা যাবে) কেস ভিত্তিক প্রদান করা হবে।
- ০৫। একজন আইনজীবী একই সংগে একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৬। নিয়োগ চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে ০১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৭। নিম্নবর্ণিত ছক আকারে প্রার্থীগণকে আবেদন করতে হবেঃ-

- (ক) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে) :
- (খ) পিতা, মাতা ও স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :
- (গ) বর্তমান ঠিকানা :
- (ঘ) স্থায়ী ঠিকানা :
- (ঙ) আইনজীবী হিসাবে বারকাউন্সিলে তালিকাভুক্তির তারিখ :
- (চ) আইন পেশার সময়কালঃ-
 - (১) সহকারী জজ, উপজেলা কোর্ট :
 - (২) জজ কোর্ট :
 - (৩) হাই কোর্ট ডিভিশন/ আপীল ডিভিশন (সুপ্রীম কোর্ট) :
- (ছ) আইন উপদেষ্টা হিসাবে পূর্ব অভিজ্ঞতা :
- (জ) স্থানীয় স্ব-শাসিত অথবা অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তার বিস্তারিত বিবরণ :
- (ঝ) বর্ণিত শর্তাবলীর আলোকে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত তালিকাভুক্তির সনদপত্র, ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, নাগরিকত্ব/ চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত ছবি, সকল সনদপত্রের ফটোকপি নাম সম্বলিত প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

উল্লিখিত যোগ্যতা সম্পন্ন ও শর্ত প্রতিপালনে ইচ্ছুক আইনজীবীগণকে আগামী ০৬/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচনা করা হবে না।

০৭ জ্যৈষ্ঠ ১৪২৯

(মোঃ শহীদ উদ্দিন)

জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।

অনুলিপিঃ-(বিজ্ঞপ্তি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ করা হইল)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ০৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ০৪। পুলিশ সুপার, দিনাজপুর।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....১/২/৩/৪।
- ০৬। সভাপতি, বার এসোসিয়েশন, জজ কোর্ট, দিনাজপুর।
- ০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, দিনাজপুর।
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফুলবাড়ী/বিরামপুর/পার্বতীপুর/নবাবগঞ্জ/ঘোড়াঘাট/হাকিমপুর, দিনাজপুর।
- ০৯। ডিজিএম (সদর দপ্তর-কারিগরি)/যোজা/নজো/পজো, দিনাজপুর পবিস-২।
- ১০। এজিএম (ওএন্ডএম), হিলি/আমবাড়ী সাব-জোনাল অফিস, দিনাজপুর পবিস-২।
- ১১। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/আইটি) দিনাজপুর পবিস-২।
- ১২। নোটিশ বোর্ড/অফিস কপি/এজিআই(আইটি), দিনাজপুর পবিস-২ (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিন)।

বহল প্রচারের অনুরোধসহ।

০৭ জ্যৈষ্ঠ ১৪২৯

(মোঃ শহীদ উদ্দিন)

জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।